# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

নম্বরঃ ২৭.১১.০০০০.২১০.৬৩.০০১.২৪-৫২

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৪ মে ২০২৫

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারি আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে রাজস্বখাতভূক্ত নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগ ও প্যানেল তৈরির লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online এ http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছে। Online ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও পদসংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | **উপসহকারী প্রকৌশলী** (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ ইলেকট্রনিক্স/পাওয়ার/সিভিল) টাকা: ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **৮১ (একাশি)টি** | (ক) ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রনিক্স/ পাওয়ার/ সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। এসএসসি/সমমান অথবা ডিপ্লোমা পরীক্ষার যেকোন একটিতে জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৪.০৮.২০২৪ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.২৩.০০১.২৪-২৩৪ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ২। | **সহকারী নিরাপত্তা কর্মকর্তা/ আঞ্চলিক গোয়েন্দা কর্মকর্তা** টাকা: ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **২ (দুই)টি** | (ক) নিরাপত্তা ও অনুসন্ধান সংক্রান্ত কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। (খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৫.১০.২০২৩ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৮৩.০০২.২৩-৮২ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ৩। | **ফার্মাসিস্ট/মেডিক্যাল এ্যাসিস্টেন্ট** টাকা: ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **২৫ (পঁচিশ)টি** | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন ফার্মেসি/ ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি/ডিপ্লোমা-ইন-মেডিকেল ফ্যাকাল্টি/সমমান। সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ০৬.১১.২০১৮ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮.৪২০, ১৫.১১.২০১৮ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮.৪৫৬ এবং ১১.০৪.২০২৩ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৬৩.০০১.২২-২৬ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ৪। | **সিনিয়র স্টাফ নার্স** টাকা: ১১,৩০০-২৭,৩০০/- (১২তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **০৪ (চার)টি** | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন নার্সিং। সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ০৬.১১.২০১৮ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮.৪২০, এবং ১১.০৪.২০২৩ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৬৩.০০১.২২-২৬ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ৫। | **সহকারী হিসাবরক্ষক** টাকা: ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড) জাতীয় বেতন স্কেল, ২০১৫ **৩০ (ত্রিশ)টি** | (ক) বাণিজ্যে স্নাতক ডিগ্রী। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। (খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৫.১০.২০২৩ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৮৩.০০২.২৩-৮২ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ৬। | **উচ্চমান হিসাব সহকারী** টাকা: ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **৭৭ (সাতাত্তর)টি** | | |
| ৭। | **জুনিয়র স্টাফ নার্স** টাকা: ৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **১০ (দশ)টি** | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন নার্সিং। (খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ০৬.১১.২০১৮ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৫২.৪২৫.১৮.৪২০, এবং ১১.০৪.২০২৩ তারিখের স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৬৩.০০১.২২-২৬ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই** |
| ৮। | **ড্রেসার** টাকা: ৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **০৬ (ছয়)টি** | (ক) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশ। উক্ত পরীক্ষায় ২য় বিভাগ /শ্রেণি/সমমানের জিপিএ এর নিম্নে নয়। (খ) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। | |
| ৯। | **মিডওয়াইফ** টাকা: ৮,৮০০-২১,৩১০/- (১৮তম গ্রেড), জাতীয় বেতন স্কেল, ২০১৫ **০৯ (নয়)টি** | (ক) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশ। উক্ত পরীক্ষায় ২য় বিভাগ /শ্রেণি/সমমানের জিপিএ এর নিম্নে নয়। (খ) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। | |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২.০৩.২০১০ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রেঃ

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২.০৬.২০০৯ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রেঃ

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | জিপিএ ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জিপিএ ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |

**শর্তাবলীঃ**

১। বর্ণিত পদসমূহের জন্য বয়সসীমা **১৯.০৬.২০২৫** তারিখে **১৮-৩২** বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে।

৩। প্রার্থীদের প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে; উক্ত সময়ে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ০১(এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ) সঠিকতা যাচাই সাপেক্ষে তাদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে।

৪। যে সকল প্রার্থী বিদেশ হতে ডিগ্রি অর্জন করেছেন তাদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইকুইভ্যালেন্স সনদ থাকতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান ও পরবর্তীতে উক্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে।

৭। প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ থাকতে হবে।

৮। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। জেলা প্রশাসক ব্যতীত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

৯। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা পর্যায়ের অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১০। তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর ত্রুটি বা ঘাটতি দেখা দিলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৫। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

**ক.** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **২৮.০৫.২০২৫** খ্রিষ্টাব্দ তারিখ, সকাল **১০:০০** ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ **১৯.০৬.২০২৫** খ্রিষ্টাব্দ তারিখ, রাত **১১:৫৯** ঘটিকা।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ **১৯.০৬.২০২৫** খ্রিষ্টাব্দ তারিখ, রাত **১১:৫৯** ঘটিকার মধ্যে System হতে স্বয়ংক্রিয়ভাবে User ID প্রাপ্ত প্রার্থীরাই কেবল উক্ত সময়ের পরবর্তী **৭২(বাহাত্তর)** ঘন্টা (অর্থাৎ **২২.০৬.২০২৫** খ্রিষ্টাব্দ তারিখ, রাত **১১:৫৯** ঘটিকা পর্যন্ত) সময়ের মধ্যে নির্ধারিত ফি জমা দিতে পারবেন। **নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে ও পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

**খ.** Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

**গ.** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রতিলিপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ.** SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ক্রমিক নং-১ এ বর্ণিত পদের পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ক্রমিক নং-২ হতে ৪ এ বর্ণিত পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠার) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং-৫ হতে ৭ এ বর্ণিত পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং-৮ ও ৯ এ বর্ণিত পদসমূহের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধি ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "**Online** এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS: BPDB**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, **Tk 223/168/112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPDB<Space>Yes<Space>PIN and send to16222.

**দ্বিতীয় SMS: BPDB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

**চ.** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS**-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ.** বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট www.bpdb.gov.bd এবং http://bpdb.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bpdb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**জ.** **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙিন প্রতিলিপি **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

**ঝ.** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: BPDB Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No.** & Send to 16222.

Example: BPDB Help PIN 12345678 & send to 16222.

**ঞ.** Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করে জানা যাবে। এছাড়াও, alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ ফেইসবুক মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name 'BPDB', Post Name...., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ট.** **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

*** কোন প্রকার তদবির বা যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৮.০৫.২৫

**মোঃ শাহরিয়ার হোসেন মজুমদার**
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

বিদ্যুৎ/জন-১৩৫৫(৩)/২৫/০৫/২৫

জিডি-১২৭০